

## প্রথম অধ্যায়

### তথ্য ও যোগাযোগ প্রযুক্তি : বিশ্ব ও বাংলাদেশ প্রেক্ষিত

#### মডেল--০৭

১.▶ রাজশাহীর প্রত্যন্ত অঞ্চল দিলারাপুর গ্রামে বিবিসি শ্রোতা সংঘ রয়েছে। প্রতিদিন রাত ৮ টায় শ্রোতা সংঘের সবাই একসাথে বসে বিবিসি'র বাংলা অনুষ্ঠান শুনেন। শুধু তাই নয়, বিবিসি'র বাংলা অনুষ্ঠানগুলোর প্রশ্নোত্তর পর্বে অংশগ্রহণ করে অনেক কিছুই জেনে নেয়। বিবিসি'র কল্যাণে দিলারামপুর গ্রামের যুবকরা যথেষ্ট অগ্রসর হয়ে উঠেছে।

ক. হ্যকিং কী ?

খ. ইন্টারনেট বলতে কী বুঝ?

গ. উদ্দীপকে তথ্য প্রযুক্তির কোন দিকটি প্রতিফলিত হয়েছে? আলোচনা কর।

ঘ. উদ্দীপকের আলোকে দিলারামপুর গ্রামে তথ্য প্রযুক্তির প্রভাব সম্পর্কে তোমার মতামত ব্যক্ত কর।

২.▶ আলী ইমাম মাথায় হেড মাউন্টেড ডিসপ্লে (Head Mounted Display), হাতে একটি ডেটা গ্লোভস (Data Glove) বা একটি পূর্ণাঙ্গ বডি সুইট (Body Suit), চোখে চশমা পরে কম্পিউটারে বেস গেম খেলা শুরু করল। গেম খেলার সময় সে অনুভব করল সে বনের ভেতর দিয়ে যাচ্ছে। তার নাকের উপর একটি পোকা পড়ে সুড়সুড় করে বেড়াচ্ছে। সে একটি বাঘ মারার জন্য বন্দুক তাক করেছে এমন সময় তার পায়ের উপর দিয়ে একটি সাপ সুড়সুড় করছে।

ক. গ্লোবাল ভিলেজ শব্দটিকে সকলের সামনে প্রথম তুলে ধরেন কে?

খ. আলী ইমাম হাতের সাথে গ্লোভস সংযুক্ত করেছিল কেন?

গ. উদ্দীপকে যে টেকনোলজির ইঙ্গিত দেয়া হয়েছে সমাজে তার নেতিবাচক প্রভাব চিহ্নিত করো।

ঘ. চিকিৎসা ক্ষেত্রে উক্ত টেকনোলজির ব্যবহার বিশ্লেষণ কর।

৩.▶ করিম সিঙ্গাপুরে বেড়াতে গেলে তার চাচা তাকে নিয়ে সায়েন্স পার্কে যায়। সেখানে প্রবেশের জন্য গেটে আঙ্গুল ব্যবহৃত হয়। এরপর তারা আরেকটি স্থানে গিয়ে দেখল, সেখানে প্রবেশের জন্য চোখ ব্যবহৃত হয়। অতঃপর তারা সায়েন্স পার্কের প্লে জোনে গিয়ে বিশেষ ধরনের হেলমেট ও চশমা পরে অনেকে মজা করে ড্রাইভিং করে।

ক. ন্যানোটেকনোলজি কী?

খ. তথ্য প্রযুক্তির সাম্প্রতিক প্রবণতায় রোগীরা উপকৃত হচ্ছে - ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে প্লেজোনে ব্যবহৃত প্রযুক্তিটি ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকের গেটে এবং আরেকটি স্থানে ব্যবহৃত প্রযুক্তির মধ্যে কোনটি অধিকতর ব্যবহৃত হচ্ছে— বিশ্লেষণপূর্বক তোমার মতামত দাও।